



13999 - অনতবিলিম্বে রোজার ইফতার করা সুন্নত

প্রশ্ন

ইফতার করা কি ফরজ না অন্য কিছু? যদি কোন মুসলিম মাগরবিরে নামাযের সময় মসজিদে হাজরি হয়, যে সময়টা ইফতারেরও সময়; এমতাবস্থায় সে কি আগে ইফতার করে নামায ধরবে; নাকি নামায পড়ে তারপর ইফতার করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

অনতবিলিম্বে ইফতার করা সুন্নত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস থেকে সে প্রমাণই পাওয়া যায়। সাহল ইবনে সাদ (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যতদনি মানুষ অনতবিলিম্বে ইফতার করবে ততদনি তারা কল্যাণেরে মধ্যে থাকবে।”[সহিহ বুখারি (১৮২১) ও সহিহ মুসলিম (১৮৩৮)]

সুতরাং যা করা উচিত সেটা হচ্ছে- কয়কে লোকমা মুখে দিয়ে নামাযে যাওয়া; যাতে করে কষ্ট দূর হয়। নামায থেকে ফরিতে এসে নিজেরে চাহিদামত খেয়ে নেয়া যায়।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এভাবেই করতেন। আনাস বনি মালকে (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযেরে আগে কয়কেটকাঁচা খজুর খেয়ে ইফতার করতেন। যদি কাঁচা খজুর না থাকত তাহলে শুকনো খজুর দিয়ে। যদি শুকনো খজুরও না থাকত তাহলে কয়কে ঢোক পানি দিয়ে।”[সুনায়ে তরিমজি; রোজা/৬৩২, আলবানী সহিহ আবু দাউদ গ্রন্থে (৫৬০) হাদিসটকি সহিহ বলেছেন]

মুবারকপুরী হাদিসটির ব্যাখ্যায় বলেন: এ হাদিস থেকে অনতবিলিম্বে ইফতার করা মুস্তাহাব- এর পক্ষে জোরালো ইঙ্গিত পাওয়া যায়।